

বাসত্বনে অবরুদ্ধ জাবি উপাচার্য পাবিপ্রবিতে বিক্ষোভ

পাবনা ও জাবি প্রতিনিধি

৫ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৫ নভেম্বর ২০১৯ ০১:১৭



আমাদের মমতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) উন্নয়ন প্রকল্পে দুর্নীতির অভিযোগে উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামের অপসারণের দাবিতে তার বাসত্বনের সামনে অবস্থান নিয়ে অবরুদ্ধ করেছে আন্দোলনকারীরা। গতকাল সোমবার সন্ধ্যা সাতটায় বাসত্বনের সামনে অবস্থান নেয় তারা। এদিকে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) শিক্ষার্থীদের উপাচার্যবিরোধী আন্দোলন অব্যাহত রয়েছে। গতকাল সোমবার দুপুরে আন্দোলনকারী

শিক্ষার্থীরা ক্যাম্পাসে একটি বিক্ষোভ মিছিল বের করে।

গতকাল দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর ব্যানারে উপাচার্য অপসারণ মধ্য থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিল শেষে উপাচার্যের বাসত্বনের সামনে অবস্থান নিয়ে সমাজতান্ত্রিক ছাত্রস্তরের সভাপতি মাহাথির মুহাম্মদ বলেন, দুর্নীতিবাজ উপাচার্যের পদে থাকার অধিকার নেই। আমরা তাকে সময়সীমা বেঁধে দেওয়ার পরও তিনি পদত্যাগ করেননি। উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামের অপসারণ না হওয়া পর্যন্ত আমরা তার বাসত্বনের সামনে থেকে বিন্দুমাত্র সরে দাঁড়াব না। উপাচার্যকে তার বাসত্বন থেকে বের হতে হলে আমাদের মাড়িয়ে বের হতে হবে। আর অধ্যাপক ফারজানা ইসলাম তার বাসত্বন থেকে বের হলে তিনি আর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য থাকবেন না।

উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম তার বাসায় অবস্থান করছেন। তার বাসার সামনে ২০-৩০ জনের মতো আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য অবস্থান করছেন।

এদিকে উপাচার্যকে অবরুদ্ধ করার প্রতিবাদে তার বাসার সামনে পালটা অবস্থান নিয়েছেন উপাচার্য পঞ্চি শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরা। উপাচার্য পঞ্চি শিক্ষকদের সংগঠন বঙ্গবন্ধু শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক অধ্যাপক বশির আহমেদ বলেন, শিক্ষামন্ত্রীর সঙ্গে আন্দোলনকারীদের আলোচনা হয়েছে। তিনি তদন্ত করে ব্যবস্থা নেওয়ার আশ্চাস দিলেও তারা এখন অবরুদ্ধ করেছে। তাদের এ ধরনের কর্মসূচি উক্তানিমূলক।

উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম তার বাসায় অবস্থান করছেন। তার বাসার সামনে ২০-৩০ জনের মত আইন শৃঙ্খলা বাহিনীর সদস্য অবস্থান করছেন।

এদিকে পাবিপ্রবিতে উত্তৃত পরিষ্ঠিতি নিরসন এবং ক্লাসের পরিবেশ ফিরিয়ে আনার দাবিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির উদ্যোগে একটি মানববন্ধন অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, আন্দোলনকারী শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করলেও প্রশাসনিক এবং একাডেমিক ভবন খোলা ছিল। তবে শিক্ষার্থীদের উপস্থিতি না থাকায় কোনো ক্লাস হয়নি।

পাবিপ্রবি প্রষ্টর ড. প্রিতম কুমার দাস জানান, আন্দোলনকারী শিক্ষার্থীরা ক্যাম্পাসে একটি বিক্ষোভ মিছিল করেছে। advertisement
তবে অপ্রীতিকর কোনো ঘটনা ঘটেনি।

আন্দোলনকারী শিক্ষার্থীরা জানান, সম্প্রতি ফাঁস হওয়া পাবিপ্রবি উপাচার্য ড. এম রোক্তম আলীর কাছে চাকরিপ্রার্থীর ঘৃষ্ণ ফেরতের অডিও তদন্তসহ ১২ দফা দাবি পূরণে পাঁচদিন ধরে আন্দোলন করে আসছেন শিক্ষার্থীরা। দাবি পূরণে বেঁধে দেওয়া সময়সীমা পার হলেও প্রশাসন কোনো পদক্ষেপ না নেওয়ায় উপাচার্যসহ প্রশাসনিক কর্মকর্তাদের পদত্যাগের এক দফা দাবিতে আন্দোলন শুরু করেন তারা।

advertisement

